# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**05-05-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে, বিপুল সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে ইতিহাস সৃষ্টি করেছে ভারতীয় জনতা পার্টি।

২) অসমে তৃতীয় বার ক্ষমতায় ফিরছে বিজেপি। তামিলনাড়ুতে একক বৃহত্তম দল বিজয়-এর নেতৃত্বাধীন টিভিকে। কেরালামে UDF ও পুদুচেরিতে এন ডি এ জোট ক্ষমতায় আসছে।

৩) ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লাম তিনদিনের সফরে আজ ভারতে এসে পৌঁছেছেন।

৪) বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, ভারত ও জামাইকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নমূলক সহযোগিতার ওপরেই নির্ভরশীল।

৫) সরকার জানিয়েছে দেশে এল পি জি বিতরণ কেন্দ্র ও পেট্রোলজাত সামগ্রীর সরবরাহের কোনো ঘাটতি নেই।

৬) আন্তর্জাতিক অর্থ তহবিল আই এম এফ জানিয়েছে পশ্চিম এশিয়ার সংঘাত দীর্ঘায়িত হলে বিশ্ব অর্থ নীতিতে তাঁর প্রভাব তীব্রতর হবে।

৭) আইপিএল ক্রিকেটে দিল্লি ক্যাপিটালস আজ চেন্নাই সুপার কিংস এর মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------

পশ্চিমবঙ্গ  এবং তামিলনাডুর বিধানসভা নির্বাচনে, এক ইতিহাস রচিত হয়েছে। ভারতীয় জনতা পার্টি বিপুল জন সমর্থন নিয়ে জয়লাভ করেছে।  এই প্রথমবার রাজ্যে সরকার গঠন করতে চলেছে বি জে পি।  অন্যদিকে তামিলনাডুতে নবাগত তামিলাগা ভেত্রি কাজকাম-- টিভিকে, বৃহত্তম দল হিসাবে আত্মপ্রকাশ করেছে।  এদিকে আসাম  ও পুদুচেরিতে বিদায়ী সরকার ই আবার ক্ষমতায় আসছে। কেরালায় কংগ্রেস নেতৃত্বাধীন ইউ ডি এফ আবার ক্ষমতায় ফিরেছে।

পশ্চিমবঙ্গে বি জে  পি ২৯৩ টি আসনের মধ্যে ২০৬ টি আসনে জয়লাভ করে দুই তৃতীয়াংশ  এর ও বেশি সংখ্যা গরিষ্ঠতা অর্জন করেছে। এর ফলে দীর্ঘ ১৫ বছরের তৃণমূল কংগ্রেস শাসনের অবসান ঘটেছে। এবারের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস একাশিটি আসনে জয়লাভ করেছে। কংগ্রেস ও আমজনতা উন্নয়ন পার্টি দুটি করে আসন পেয়েছে এবং সিপিআইএম ও আইএসএফ একটি করে আসনে জয়লাভ করেছে। তৃণমূল কংগ্রেস নেত্রী পশ্চিমবঙ্গের বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ভবানীপুর কেন্দ্রে বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর কাছে ১৫ হাজারেরও বেশি ভোটে পরাজিত হয়েছেন।

তামিলনাডুতে অভিনয় থেকে রাজনীতিতে আসা বিজয় এর দল  তামিগা ভেত্রি টিভিকে , গঠনের পর প্রথম নির্বাচনেই ১০৮ টি আসন জিতে একক দল হিসাবে ইতিহাস সৃষ্টি করেছে।  রাজ্যে বিদায়ী মুখ্যমন্ত্রী এম কে স্তালিনের নেতৃত্বাধীন দ্রাবিড় মুন্নেত্রা কাজা গাম  ৫৯ টি আসনে জয়ী হয়েছেন।  অন্যদিকে  অল ইন্দিয়া আন্না দ্রাবির মুন্নেত্রা কাযাগাম  এইএ ডিএম কে পেয়েছে  ৪৭ টি আসন। পি এম কে ৪টি  আসন এবং ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস  ৫ টি আসনে জয়ী  হয়েছে।

আসামে শাসক বিজে পি নেত্রিত্বাধীন এন ডি এ ,১২৬ সদস্যের বিধানসভায় নিরংকুশ সংখ্যাগরিস্টতা অর্জন করে  তৃতীয় বারের জন্য ক্ষমতায় এসেছে।

কেরলমে কংগ্রেস নেতৃত্বাধীন ইউ ডি এফ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। কংগ্রেস পেয়েছে ৬৩ টি আসন  এবং  তাঁর সহযোগী  দল  ইন্ডিয়ান ইউনিয়ন মুসলিম লীগ পেয়েছে ২২ টি আসন। পুদুচেরিতে এন ডিএ সংখ্যাগরিস্টতা পেয়ে আবার সরকার গঠন করতে চলেছে। এন ডিএ এর শরিক দল গুলি ৩০ সদস্যের বিধানসভায় ১৮ টি আসন পেয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বি জে পি র এই জয় কে ঐতিহাসিক ও নজিরবিহীন বলেছেন। তিনি পশ্চিনবঙ্গ আসাম পুদুচেরি তামিলনাডু কেরালার জনগণ ও কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। দিল্লিতে গত সন্ধ্যায় ফল প্রকাশের পর দলীয় কর্মীদের উদ্দেশে বক্তব্য রাখতে গিয়ে বলেন বি জে পি র মূল মন্ত্র হল  জনগণ ই ঈশ্বর । দেশের মানুষ বিজেপি র ওপর  আস্থা প্রকাশ করেছেন।

বাইট (মোদী)

-------------------

পশ্চিমবঙ্গে বিজেপির ঐতিহাসিক জয়লাভের পর দলের সর্বভারতীয় সভাপতি। নীতির নবীন আজ দিল্লিতে চিত্তরঞ্জন পার্ক কালীবাড়িতে পুজো দেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির নেতৃত্বে একমাত্র বিজেপি সরকার রাজ্যে সুশাসন আনতে পারবে। তিনি সর্বত্র শান্তি বজায় রাখার আবেদন জানান।

এদিকে রাজ্যে নতুন বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী পদে কার নাম মনোনীত করা হবে সে বিষয়ে আলোচনা করতে শীঘ্রই দলের কেন্দ্রীয় নেতৃত্ব রাজ্যে আসবেন। দলীয়

সূত্রে জানা গেছে এবিষয়ে কেন্দ্রীয় নেতৃত্বের উপস্থিতিতে বৈঠকে মুখ্যমন্ত্রীর নাম নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। এছাড়া নবনির্বাচিত বিধায়কদের নিয়েও বৈঠক হবে।

------------------

পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্প সংস্থা এবং বাণিজ্য সংগঠনগুলি বিধানসভা নির্বাচনে বিপুল ভোটে জয়লাভের জন্য বিজেপি-কে অভিনন্দন জানিয়েছে। নতুন সরকার রাজ্যে শিল্পায়ন, পরিকাঠামো উন্নয়ন এবং বিনিয়োগ বান্ধব পরিবেশ গড়ে তুলবে বলে সংগঠনগুলির নেতৃবৃন্দ আশাপ্রকাশ করেন।

------------------

ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লাম, তিন দিনের রাষ্ট্রীয় সফরে আজ বিহারের গয়ায় এসে পৌঁছেছেন। বিমানবন্দরে তাকে স্বাগত জানান বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী। এবারের সফরে তো লাম, ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ সাইট মহাবোধি টেম্পলে প্রার্থনা করবেন। তাঁর বোধগয়ায় ভিয়েতনামের বৌদ্ধ গুম্ফাও পরিদর্শন করার কথা।

এবারের গুরুত্বপূর্ণ সফরে তাঁর সঙ্গে রয়েছেন সে দেশের সরকারের কয়েকজন মন্ত্রী ও ঊর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে গঠিত একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল। এছাড়াও আছে একটি শক্তিশালী বাণিজ্যিক প্রতিনিধিদল। ভিয়েতনামের রাষ্ট্রপতি আজই দিনের শেষে নতুনদিল্লিতে পৌঁছাবেন। রাষ্ট্রপতি তো লামকে আগামীকাল রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিক সংবর্ধনা জানানো হবে। এরপর তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দ্বিপাক্ষিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন। তাদের আলোচনায় আঞ্চলিক ও আন্তর্জাতিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে মতবিনিময় হওয়ার কথা।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভিয়েতনামের রাষ্ট্রপতির সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন। তো লাম বৃহস্পতিবার মুম্বাই সফর করবেন।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, গত মাসে ভিয়েতনামের রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর এটি তার প্রথম ভারত সফর। উল্লেখ্য দুটি দেশই এবছর তাদের কৌশলগত অংশিদারিত্বের দশম বার্ষিকী পালন করছে।

-------------------

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, ভারত ও জামাইকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নমূলক সহযোগিতার ওপরেই দাঁড়িয়ে। জামাইকার বিদেশমন্ত্রী কামিনা জনসন স্মিথ এবং মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের সঙ্গে বৈঠকের পর ডক্টর জয়শঙ্কর সাংবাদিকদের বলেন, তাদের মধ্যে আলোচনা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে। দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে তাঁরা নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করেছে। উভয় দেশই বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তিতে স্বাক্ষর করেছে বলে তিনি জানান। এছাড়াও ক্রীড়া, ডিজিটাল পেমেন্ট এবং সংস্কৃতি বিনিময়ের ক্ষেত্রেও দুটি দেশের মধ্যে সমঝোতা স্মারক বাস্তবায়নের বিষয়েও আলোচনা হয়।

বাইট

-------------------

গুপ্তচরবৃত্তির অভিযোগে তিনজন রুশ কূটনীতিককে অস্ট্রিয়া থেকে বহিষ্কার করা হয়েছে। অস্ট্রিয়ার বিদেশমন্ত্রী বিয়াটে মেইনল-রাইসিঙ্গার বলেছেন, এই কূটনীতিকরা, বিভিন্ন সরকারি ভবনগুলির ছাদে বসানো অসংখ্য অ্যান্টেনা ব্যবহার করে

তথ্য সংগ্রহ করতেন। অস্ট্রীয় কর্তৃপক্ষের এই পদক্ষেপকে রুশ দূতাবাস সম্পূর্ণ অযৌক্তিক, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে মনে করছে বলে জানিয়েছে।
অস্ট্রিয়ায় রুশ কূটনৈতিক মিশনগুলোতে এখনও প্রায় ২২০ জন স্বীকৃত ব্যক্তি রয়েছেন। ইউক্রেনে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে দেশটি ১৪ জন রুশ দূতাবাস কর্মীকে বিতাড়িত করেছে।

------------------

মার্কিন যুক্তরাষ্ট্রের বাজেয়াপ্ত করা একটি ইরানের জাহাজের ২২ জন নাবিকের মধ্যে ১৫ জনকে মুক্তি দিয়েছে। ইরানের বন্দরগুলিতে মার্কিন নৌ অবরোধের ফলে গত ১৯ শে এপ্রিল সেদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চাবাহার বন্দরের উপকূলের কাছে ওমান উপসাগরে মার্কিন বাহিনী পতাকাবাহী জাহাজ 'তুসকা' বাজেয়াপ্ত করেছিলো। আধা-সরকারি সংবাদ সংস্থা ফার্স জানিয়েছে, জাহাজটির মোট ২৮ জন নাবিকের মধ্যে ৬ জনকে আগেই মুক্তি দেওয়া হয়েছিল।

------------------

সরকার জানিয়েছে, দেশে এলপিজি বিতরণ কেন্দ্রগুলিতে সরবরাহের কোনো ঘাটতি নেই। পশ্চিম এশিয়ার পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষাপটে সরকার এলপিজি ও অন্যান্য পেট্রোলজাত পণ্য সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। নতুন দিল্লীতে গতকাল আন্তঃমন্ত্রনালয়ের বৈঠক চলাকালীন কর্মকর্তারা নাগরিকদের পেট্রোল, ডিজেল এলপিজি নিয়ে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়েছেন। তাঁরা জানিয়েছেন, সঠিক তথ্য পাওয়ার জন্য সরকারি সূত্রগুলিকেই যেন তারা ব্যবহার করেন।

------------------

ভারতীয় সাংবাদিক আনন্দ আর কে এবং সুপর্না শর্মা মর্যাদাপূর্ণ পুলিৎজার পুরস্কারে ভূষিত হয়েছেন। ইলাস্ট্রেটেট রিপোর্টিং অ্যান্ড কমেন্ট্রি বিভাগে তারা এই পুরষ্কার জিতলেন। দেশে সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়ে তাঁরা কাজ করছিলেন।

হ্যানয়ের সংবাদদাতা অনিরুদ্ধ ঘোষাল আন্তর্জাতিক প্রতিবেদন বিভাগে জয়ী হয়েছেন।

উল্লেখ্য, পুলিৎজার হলো, সাংবাদিকতা ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ পুরস্কার।

------------------

আন্তর্জাতিক অর্থ তহবিল আই এম এফ জানিয়েছে, পশ্চিম এশিয়ার সংঘাত ২০২৭ সাল পর্যন্ত দীর্ঘায়িত হলে বিশ্ব অর্থ নীতিতে তাঁর প্রভাব তীব্রতর হবে। তাদের আশংকা পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে, জ্বালানি তেলের দাম ব্যারেল পিছু ১২৫ ডলারে পৌঁছে যাওয়ার আশঙ্কা রয়েছে বলে আই এম এফ জানিয়েছে । সংশার প্রধান ক্রিস্তালিনা জরজিয়েভা জানিয়েছেন পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির ওপরই তেলের দাম কমা বাঁড়া নিভর করছে । এই প্রতিকূল পরস্থিতির প্রেক্ষাপটে বিশ্ব অর্থনীতির অগ্রগতির হার কমে ২ দশমিক ৫ শতাংশে নেমে আসতে পারে বলে মনে করা হচ্ছে। অন্য দিকে মুদ্রা ফীস্তির হার ও বৃদ্ধির হার ৫ দশমিক ৪ শতাংশে পৌঁছতে পারে।

------------------

সংযুক্ত আরব আমিরশাহীর ফুজাইরা তেল শিল্পাঞ্চলে ইরানের হামলায় তিন ভারতীয় নাগরিক আহত হয়েছেন। বিদেশমন্ত্রক এই ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করেছে।

এক বিবৃতিতে বিদেশমন্ত্রক অবিলম্বে সংঘর্ষ বন্ধের আহ্বান জানিয়েছে। অসামরিক পরিকাঠামো এবং নিরপরাধ নাগরিকদের লক্ষ্যবস্তু ক'রে হামলা চালানোর তীব্র নিন্দা করেছে। পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে ভারত কূটনীতির পথ গ্রহণের পক্ষেই আবার সওয়াল করেছে। একইসঙ্গে, আন্তর্জাতিক আইন মেনে হরমুজ প্রণালী দিয়ে অবাধ ও সুরক্ষিত জাহাজ চলাচলের আহ্বান জানিয়েছে ভারত।

-------------------

এদিকে, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ এবং আঞ্চলিক সংগঠনগুলি সংযুক্ত আরব আমিরশাহীর ওপর ইরানের হামলার তীব্র নিন্দা করেছে। এই হামলা আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য উদ্বেগজনক বলে তারা উল্লেখ করেছে। সৌদি আরবের যুবরাজ ও প্রধানমন্ত্রী মহম্মদ বিন সালমান, সংযুক্ত আরব আমিরশাহীর প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে টেলিফোনে কথাবার্তায় ইরানের সাম্প্রতিক হামলার সমালোচনা করেন।

-------------------

আই পি এল ক্রিকেটে আজ দিল্লি ক্যাপিটালস, চেন্নাই সুপার কিংস-এর মুখোমুখি হবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধে সাড়ে সাতটায়।

এদিকে, মুম্বাই-এর ওয়াংখেড়ে স্টেডিয়ামে গতরাতে মুম্বাই ইন্ডিয়ান্স ৬ উইকেটে লক্ষ্ণৌ সুপার জায়েন্টসকে হারিয়ে দিয়েছে।

-------------------

ভারতের আবহাওয়া দপ্তর - আইএমডি আজ দেশেরে বিভিন্ন অংশে ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আইএমডি-র তথ্য অনুযায়ী হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ, সিকিম,

অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, উপকূলীয় অন্ধ্রপ্রদেশ, ঝাড়খন্ড, ওড়িশা এবং তামিলনাড়ু, পুদুচেরিতে ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

------------------- -------------------